

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৭৫৪

আগরতলা, ৯ নভেম্বর, ২০২৪

পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক যুব উৎসব

সমাজে পরিবর্তনের আন্দোলনে যুবরাই অগ্রণী ভূমিকা গ্রহণ করে : পর্যটন মন্ত্রী

সুন্দর সমাজ ব্যবস্থা গড়ে তোলার ক্ষেত্রে যুব সমাজের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সমাজে পরিবর্তনের আন্দোলনেও যুবরাই অগ্রণী ভূমিকা গ্রহণ করে। আজ বামুটিয়া ব্লকের গান্ধীগ্রামস্থিত বৈদ্যনাথ মজুমদার কমিউনিটি হলে দু'দিনব্যাপী পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক যুব উৎসবের উদ্বোধন করে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। অনুষ্ঠানে পর্যটন মন্ত্রী বলেন, যুব সমাজকে ক্রীড়া ও সংস্কৃতি ক্ষেত্রে অনুপ্রাণিত করতে যুব উৎসব অনুপ্রেরণার কাজ করে। তাই কেন্দ্র ও রাজ্য সরকার যুব শক্তির বিকাশে বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করেছে। তিনি বলেন, শুধু গতানুগতিক পুঁথিগত শিক্ষা একটি মানুষের জীবনকে সঠিকভাবে গড়ে তুলতে পারে না। এজন্য প্রয়োজন খেলাধুলা ও সাংস্কৃতিক চর্চা। অনুষ্ঠানে পর্যটন মন্ত্রী জেলাভিত্তিক যুব উৎসবের সাফল্য কামনা করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সহকারি সভাপতি বিশ্বজিৎ শীল, বামুটিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপক সিনহা প্রমুখ। সভাপতিত্ব করেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি বলাই গোস্বামী। অনুষ্ঠানে সভাপতি জানান, এবছর ২৮তম রাজ্যভিত্তিক যুব উৎসব আগামী ১৩-১৫ নভেম্বর, ২০২৪ উনকোটি জেলায় অনুষ্ঠিত হবে। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা এস বি নাথ। ধন্যবাদ জ্ঞাপন করেন অতিরিক্ত জেলাশাসক মেঘা জৈন। দু'দিনব্যাপী জেলাভিত্তিক যুব উৎসবে জেলার বিভিন্ন ব্লকের ৭০০ জন যুবক-যুবতী অংশ নিয়েছেন। যুব উৎসবে ১৩টি বিষয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। বিষয়গুলির মধ্যে রয়েছে থিমাটিক একক ও দলগত প্রতিযোগিতা, সমবেত লোকনৃত্য ও সংগীত, একক লোকনৃত্য ও লোক সংগীত, স্বরচিত গল্প ও কবিতা রচনা, পেইন্টিং, তাৎক্ষণিক ভাষণ, কারুশিল্প, বস্ত্রশিল্প এবং বিভিন্ন কৃষিজাত ফসল উৎপাদনে দক্ষতা ভিত্তিক প্রতিযোগিতা।

\*\*\*\*\*